

স্মারক নম্বর: ৪৩.২২.০০০০.০১২.০২.০২৮(৩).২৩/ ৮০৮১ (২০)

তারিখ: ১৭.০৫.২০২৩

বিষয়: আন্তর্জাতিক জাদুঘর দিবস এবং বাংলাদেশ জাতীয় জাদুঘরের একুশে পদক ২০২৩ প্রাপ্তি উপলক্ষ্যে বর্ণাঢ্য র্যালি, সেমিনার, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান এবং পটুয়া কামরুল হাসান গ্যালারি উদ্বোধনী অনুষ্ঠানের সংবাদ ধারণ ও প্রচার।

আন্তর্জাতিক জাদুঘর দিবস এবং বাংলাদেশ জাতীয় জাদুঘরের একুশে পদক প্রাপ্তি উপলক্ষ্যে আগামী ১৮ মে ২০২৩, বৃহস্পতিবার সকাল ৮.৩০ মিনিটে জাদুঘর প্রাঙ্গণ থেকে বর্ণাঢ্য র্যালি, সকাল ১০.৩০ মিনিটে ৪২ নং গ্যালারিতে পটুয়া কামরুল হাসান গ্যালারি উদ্বোধন, সকাল ১১ টায় জাদুঘরের বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মিলনায়তনে সেমিনার, আলোচনা সভা এবং বিকাল ৩.৩০ মিনিটে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়েছে।

অনুষ্ঠানমালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব খলিল আহমদ। সভাপতিত্ব করবেন বাংলাদেশ জাতীয় জাদুঘর পর্ষদের সভাপতি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। স্বাগত বক্তব্য প্রদান করবেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক জনাব মোঃ কামরুজ্জামান। প্রবন্ধ উপস্থাপন করবেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের সাবেক কীপার প্রফেসর ড. মোঃ আলমগীর এবং ইতিহাস ও ধ্রুপদী শিল্পকলা বিভাগের উপ-কীপার জনাব দিবাকর সিকদার। আলোচক হিসেবে উপস্থিত থাকবেন কবি তারিক সুজাত। ধন্যবাদ জ্ঞাপন করবেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের সচিব গাজী মোঃ ওয়ালি-উল-হক।

উক্ত অনুষ্ঠানমালার সংবাদ ধারণ ও প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হলো।

ড. শিহাব শাহরিয়ার  
কীপার, জনশিক্ষা বিভাগ  
বাংলাদেশে জাতীয় জাদুঘর

বার্তা সম্পাদক/ বার্তা পরিচালক

-----

ঢাকা।